গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রশাসন ও সংস্থাপন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

তাগিদ পত্র

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.১৮.০৮০.১৪.৯০৫

তারিখ: ২৯ ভাদ্র ১৪২৫
১৩ সেপ্টেম্বর ২০১৮

বিষয়: **৩৭তম বিসিএস এর লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু ক্যাডার পদে সুপারিশ প্রাপ্ত নয় এমন প্রার্থীদের মধ্য থেকে ১ম ও ২য় শ্রেণির নন-ক্যাডার পদে সরাসরি নিয়োগ।**

সূত্র : ৩৭.০০.০০০০.০৬১.১৮.০৮০.১৪.৭১৭তারিখ: ২৫ জুলাই ২০১৮।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোস্থ পত্রের মাধ্যমে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন-এর চেয়ারম্যান মহোদয় কর্তৃক প্রেরিত ১৮ জুলাই ২০১৮ তারিখের ৮০.২০০.০৩৬.০০.০০. ০০১.২০১৮-৩১৭ সংখ্যক ডি.ও. পত্রের অনুলিপি প্রেরণ করা হয়েছিল এবং উক্ত ডি.ও. পত্রের আলোকে নির্ধারিত ছকে নিয়োগযোগ্য সকল ১ম ও ২য় শ্রেণির শূন্য পদের তালিকা, নিয়োগের অধিযাচন ও নিয়োগ বিধিমালার অনুলিপি গত ১২ আগস্ট ২০১৮ তারিখের মধ্যে আবশ্যিকভাবে এ বিভাগের প্রশাসন ও সংস্থাপন শাখায় প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়েছিল। কিন্তু এ বিষয়ে কোন অগ্রগতি পরিলক্ষিত হচ্ছে না।

২। এমতাবস্থায়, ইতঃপূর্বে প্রেরিত ডি.ও. পত্রের আলোকে নির্ধারিত ছকে নিয়োগযোগ্য সকল ১ম ও ২য় শ্রেণির শূন্য পদের তালিকা, নিয়োগের অধিযাচন ও নিয়োগ বিধিমালার অনুলিপি আগামী ০৩ (তিন) কর্ম দিবসের মধ্যে আবশ্যিকভাবে এ বিভাগের প্রশাসন ও সংস্থাপন শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

১৩-৯-২০১৮
কাউসার নাসরীন
উপসচিব
ফোন: ৯৫৪৯১৩০
ইমেইল: sas_admin1@moedu.gov.bd

বিতরণ :
১) চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ঢাকা।
২) প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (ইত:পূর্বে নির্ধারিত ছকে শূন্য পদের তথ্যাদি প্রেরণ করলেও নিয়োগের অধিযাচন ও নিয়োগ বিধিমালার অনুলিপি প্রেরণ করা হয়নি)।
৪) মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই), সেগুনবাগিচা, ঢাকা।
৫) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি), মতিঝিল, ঢাকা।
৬) সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি), আগারগাঁও, ঢাকা।
৭) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

৮) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।
৯) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।
১০) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
১১) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
১২) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা।
১৩) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
১৪) সদস্য সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড, ঢাকা।
১৫) সদস্য সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্ট, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.১৮.০৮০.১৪.৯০৫/১(২)

তারিখ: ২৯ ভাদ্র ১৪২৫
১৩ সেপ্টেম্বর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) উপসচিব (প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।

১৩-৯-২০১৮
কাউসার নাসরীন
উপসচিব